বিসমিল্লাহির রাহমানির রাহিম

# প্রিলি লিখিত কম্বাইন্ড গাইডলাইন

## ভূমিকা:

এই গাইডলাইন পড়ার আগে আপনাকে অবশ্য অবশ্যই ব্যাসিক/প্রাথমিক গাইডলাইন আর প্রিলিমিনারি গাইডলাইন পড়ে বুঝে আসতে হবে। যেটা বলেছিলাম,এখানে যারা মোটামুটি বিসিএস প্রিলির আইডিয়া আছে তারাই এই গাইডলাইন অনুসরণ করে সামনে এগিয়ে যেতে পারবেন।

## শুরুতে ব্যক্তিগত কিছু কথা বলতে চাই:

আমি পাব্লিক্যালি কমন রুমে বিসিএসের গাইডলাইন দিতে চাওয়া ও গাইডলাইন এর ড্রাইভ দেওয়ায় অনেকে ভেবেছেন যে, এখনো অনার্স পাশ করেনাই,সে আবার গাইডলাইন দিচ্ছে, ইত্যাদি ইত্যাদি।কিছু বন্ধু তো অলরেডি বলেই বসেছে,এই যে তুই এটা পাব্লিকলি করলি,আল্লাহ না করুক ভবিষ্যতে তুই ক্যাডার হতে না পারলে ব্যাচমেটরা জুনিয়ররা এমনকি সিনিয়ররাও বলবে, ছেলেটা(ভাইটা) খুব ভাব নিয়েছিলো, এত বিসিএস বিসিএস করেও তো কিছু পেলোনা।

আমি এর উত্তরে শুধু বলেছি, **ভবিষ্যতে কে কি হবে না হবে,এটা আল্লাহ ছাড়া কেও বলতে পারবেনা,এর জন্যই আমি আমার জানা জিনিস গুলো শেয়ার করতেছি সবার মাঝে, ভবিষ্যতে আমার কপালে না থাকুক,অন্তত আমার এই ছোট্ট আয়োজনে অন্য কারো তো উপকার হইতেই পারে,এটাই আসল এচিভমেন্ট হবে আমার জন্য।**

"**Help people unconditionally**" এই নীতি ও চিন্তাধারা মাথায় রেখে আমি জিনিস গুলা শেয়ার করছি,কবে ক্যাডার হবো না হবো,তারপর প্রতিষ্ঠিত হয়ে হেল্প করতে হবে,আর যাই হোক আমি এই চিন্তাধারার ঘোর বিরোধী। কেননা না হতে পারলে তো জীবনেও এসব শেয়ার করা হবেনা, আর প্রতিষ্ঠিত হয়ে হেল্প করতে গেলে আরো ৪-৫ বছর দেরি করা লাগবে,এই ৪-৫ বছর মানুষদের হেল্প করা থেকে বঞ্চিত করা হবে। তাই আমি মনে করি,**প্রত্যেকটা মানুষের উচিত "Help people unconditionally" এই নীতিতে মানুষকে সাহায্য করার চেস্টা করা।**

বিসিএস এ আদোও সফল হতে পারব কিনা? তারও কোন নিশ্চয়তা নেই। বললাম ই তো, আমি হতে না পারলেও আমার কোন আফসোস নেই, সমাজের কাজই শুধু সমালোচনা করা কিন্তু **আই ডোন্ট কেয়ার।**

সত্যি বলতে পড়ার স্ট্রেটেজি যা জানি,আমি বিশ্বাস করি, সেটা অবশ্যই কাওকে না কাওকে হেল্প করবে। That's my happiness. Nothing more.

## কম্বাইন্ড প্রিপারেশন কিভাবে নিবেন?

আবারো বলতেছি আগের **ব্যাসিক/প্রাথমিক গাইডলাইন এবং শুধু প্রিলিমিনারি গাইডলাইন** পড়ে বুঝে আসুন। অনেক কথাই সেটার সাথে রিলেট করে বলব, না পড়ে থাকলে বুঝতে অসুবিধা হবে।

যাইহোক আমি ধরেই নিচ্ছি আপনার প্রিলিমিনারি সিলেবাস আর কুয়েশ্চন সম্পর্কে ধারনা আছে।আপনি হয়ত প্রস্তুতি নিচ্ছেন বা মোটামুটি মানের প্রস্তুতি আছে আপনার। কিন্তু সেটা শুধু প্রিলিমিনারির জন্যই।এখন এই গাইডলাইনটা আপনার জন্যেই কেননা বর্তমানের বাস্তবতা দেখলে প্রিলি রিটেন কম্বো প্রিপারেশন এর বিকল্প নেই।এটা আপনি আমি যারা আছি এই লাইনে সবাই তা বুঝি।

এবার আর কথা না বাড়িয়ে সরাসরি আলোচনায় যাই।

## বিসিএস প্রিলি রিটেন কম্বো গাইডলাইন:

শুরুতেই আপনারা শেষ কয়েকটি বিসিএস এর লিখিত প্রশ্নগুলো (ড্রাইভে দিয়ে দিব লিখিত প্রশ্ন) দেখবেন।পারতেও হবেনা বুঝতেও হবেনা,শুধু চোখ বুলাবেন আর দেখবেন প্রশ্ন কেমন হয় আর কোন টপিকে আসে? ব্যস এটা বুঝতে পারলেই কাজ হবে। কারন **পেপার এর কোন আর্টিকেলটা পড়তে হবে আর কোনটা পড়তে হবেনা এটা বুঝতে আমাদের রিটেন প্রশ্ন প্যাটার্ন এর জ্ঞান অনেক কাজে লাগবে।**

## লিখিত বুক লিস্ট:

এখানে আপনার সম্পূর্ণ লিখিত বুক লিস্ট এর প্রয়োজন নেই। যেসব লাগবে সেগুলা আমি নিচে বিষয়ভিত্তিক আলোচনার সময় বলে দিব।আর **লিখিত বুক লিস্ট আমি লিখিত গাইডলাইনে সম্পুর্ন আলোচনা করব ইন শা আল্লাহ।**

## বিষয়ভিত্তিক আলোচনা:

যেহেতু প্রিলি গাইডলাইনে জেনে আসছেন কি দিয়ে শুরু,কোনটা দিয়ে শুরু,কি বই দিয়ে শুরু ইত্যাদি ইত্যাদি সব জানেন আপনারা, সেহেতু এবার আমরা প্রিলি-রিটেন কম্বো কিভাবে ঘটাবো প্রিলির সাথে সেটাই বুঝবো।

## ১. ইংরেজি:

কিছু না শুধু প্রিলিমিনারির মত ফলো করুন। **Master/English for competitive exam** এই দুই বই ও **"Live Mcq"** এ অনুশীলন এর সাথে রেগুলার **ডেইলি স্টার পত্রিকার সম্পাদকীয় কলাম** একটা করে দেখুন আর অজানা শব্দগুলো নোট করুন(কিভাবে করবেন প্রিলিতে তা বলেছি)। এতে করে ফ্রি হ্যান্ড রাইটিং স্কিল বাড়বে আর ভোকাবুলারি স্ট্রং হবে।

***কয়েকদিন এভাবে পড়ার পর যখন আপনি পেপার এর সেন্টেন্স বুঝতে শুরু করবেন,তখন মাঝে মাঝে ডিকশোনারি না দেখেই কয়েকটা বাক্যের বাংলা অনুবাদ করার ট্রাই করবেন।খাতায় লিখে রাখুন আপনার অনুবাদ। ভুল হোক, না পারেন,ট্রাই করুন। তারপর সেই ইংরেজি বাক্যগুলো ছবি/স্ক্রিনশট তুলে চ্যাটজিপিটি বা জেমিনি কে দিয়ে বলবেন,এই পেপারের বাংলা অনুবাদ করে দিতে। তারপর চেক দিবেন,কেমন হলো না হলো। এটা করতে থাকলে আপনি রিটেন এর ৯০০ মার্কের মধ্যে ৬৫ মার্ক(ইংরেজিতে মোট ৫০, আর বাংলায় ১৫) এর ট্রান্সলেশন প্রিপারেশন কম্পলিট করতে পারবেন। আর সাথে রিটেনের অন্যান্য ফ্রি হ্যান্ড রাইটিং(রচনা ও অন্যান্য) এবং ভোকাবুলারি পার্টটাও তো কাভার হবেই।

## ২. বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি:

বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলির জন্য **বাংলা পত্র পত্রিকার(প্রথম আলো, আমার দেশ, যুগান্তর, বনিকবার্তা, ইত্তেফাক ইত্যাদি) সম্পাদকীয় কলাম দেখবেন রেগুলার।** শুধু পড়তে থাকেন,এটাই কাজে দিবে।যেহেতু আপনি এখনো প্রিলি দেননাই, সুতরাং লিখিত এর জন্য প্রয়োজনীয় দুই একটা বই ছাড়া গদ বাধা বই কেনার কোনই দরকার নেই। পত্র পত্রিকা পড়তে থাকেন,এটাই অনেক।

*** পত্র পত্রিকার সব পেজ পড়তে যাবেন না, শুধুমাত্র সম্পাদকীয়, মতামত-বিশ্লেষণ,অভিমত-বিশ্লেষণ এই পেজগুলা দেখবেন।

**আর সমসাময়িক ও সাম্প্রতিক বিষয় ও আন্তর্জাতিক বিষয়ে আপডেট** থাকার জন্য এই কাজগুলো করতে পারেন:

১. YouTube e daily 20 min **'Jamuna idesk'** দেখবেন

২. Facebook e "**BBC Bangla**" page এ ফলো দিয়ে রাখবেন অথবা ডেইলি দেখবেন এগুলো ফাকে ফাকে।

৩. এগুলোর পাশাপাশি আপনি **Reuters, CNN,Al-Jajeera** এসবেও ফলো দিয়ে রাখতে পারেন।

একেতো আপনার ইংরেজিতে দক্ষতা বাড়বে আবার ইন্টারন্যাশনাল নিউজগুলো সম্পর্কে আপডেট থাকবেন।

## ৩. বাংলা:

বাংলার জন্য প্রিলির ব্যকরণ প্রস্তুতি তো চলবে,সেই সাথে সময় পেলে কিছু গুরুত্বপূর্ণ সাহিত্য বই,উপন্যাস পড়তে পারেন। আর পেপার পড়ার ফলে রচনা অটোমেটিক হয়ে যাবে।

## ৪. ম্যাথ ও মানসিক দক্ষতা:

ম্যাথের জন্য প্রিলিতে ককটেল প্রিলি বই কিনেছেন বা কিছু একটা পড়ছেন। এর সাথে শুধু **আশরাফুল ম্যাথ ককটেল লিখিত** বইটা কিনে নিবেন। ব্যস হয়ে যাবে।

**এখন এই দুই বই পড়বেন কিভাবে?**

খুব সিম্পল,যে টপিকে আপনি প্রিলি পড়বেন,সেটাই রিটেনের বই থেকেও পড়বেন, দেখবেন যে একই জিনিস প্রায়।কারন ম্যাথ তো অভিন্ন ই হবে।

মানসিক দক্ষতার জন্য একটাই বই বুঝে বুঝে পড়বেন, **খাইরুলস মেন্টাল এবিলিটি।** এটাতেই প্রিলি রিটেন শতভাগ প্রস্তুতি সম্ভব।

আপনি যদি এভাবে পড়তে থাকেন, এই দুই বিষয়ে প্রিলির প্রস্তুতেই রিটেনের ১০০ মার্ক প্রস্তুতি সম্পন্ন হয়ে যাবে ইন শা আল্লাহ।

## ৫. বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি:

এইটাই একমাত্র অংশ,যেটা **৮০-৯০ ভাগ হুবহু বিগত বছরের প্রশ্নগুলোই রিপিট হয়।** সুতরাং বিগত বছরের প্রশ্ন ভালো করে সলভ করলেই এনাফ।

লিখিত প্রস্তুতির জন্য একটাই বই**,"সাইন্স আওয়ার"।**

**কিভাবে প্রিলির সাথে পড়বেন?**

সেই একই প্রসেস। একটা টপিকে প্রিলি পড়লেন, সেই টপিকে রিটেনের প্রশ্ন ও সমাধান গুলাও দেখলেন।দরকার পড়লে টুকটাক নোট করে নিতে পারেন বা বই দাগিয়ে রাখতে পারেন।

## উপসংহার:

সহজ কথা প্রিলির টপিকের সাথে রিটেনের টপিকও পড়ে ফেলবেন সুযোগমত, এতে করে আপনি প্রিলি পাশের পর রিটেন প্রস্তুতি নিতে বেশি চাপে পড়বেন না। হাল্কা লাগবে আর অন্য অনেক গুরুত্বপূর্ণ জিনিসে ফোকাস করতে পারবেন।

আর হ্যাঁ আরেকটা কথা যেটা অনেক গুরুত্বপূর্ণ, কখনোই একসাথে সব বিষয় বা অনেক গুলা নিয়ে বসবেন না। ধারাবাহিকভাবে দুইটা তিনটা বিষয় নিয়ে বসবেন আর পূর্বে যা পড়েছেন,রিভিশন এর জন্য সময় রাখবেন। তবেই আত্মস্থ হবে যেকোন জিনিস।

## ***Important Telegram Channel Links:

1. https://t.me/epapersbd

এটা থেকে ডেইলি পত্রিকা গুলো পড়তে পারবেন।

2. **Sustain Job Materials**

এই নামে একটা পিডিএফ দিয়েছি সেটায় ঢুকে লিংকে ক্লিক করে এই চ্যানেলে যুক্ত হবেন,এখানে অনেক প্রয়োজনীয় স্টাডি ম্যাটেরিয়ালস দেওয়া আছে।

## ***Important Google drive(Study Materials) link:

1. https://drive.google.com/drive/folders/1ChjXlzpGTw5JVli4QGhS5EGL0CCjaiXN

এটা আমার বানানো সকল রিসোর্স এর ড্রাইভ লিংক। অবশ্য এক্সেস পারমিশন দেওয়া,যাদের দরকার তারা আমাকে ইনবক্সে নক দিয়ে জিমেইল দিবেন,আমি পারমিশন দিয়ে দিব।

*** এখানে প্রয়োজনীয় অপ্রয়োজনীয় সব কিছুই আছে, সব ডাউনলোড করতে যাবেন না, যেগুলো দরকার সেগুলাই করবেন।

*** সর্বোপরি, সবার জন্য অনেক দোয়া ও শুভকামনা। আপনারা সবাই আমার জন্য দোয়া করবেন। আর সবাই সবাইকে দোয়া করবেন যেন আমরা সর্বদা মানুষের সেবায় নিজেদেরকে নিয়োজিত রাখতে পারি।

**-লিজন মাহমুদ**

**ডিপার্টমেন্ট অফ ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং,**

**রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**

**সেশন:২০২০-২০২১**

**Facebook id: https://www.facebook.com/share/18BBb3iDKB/**